

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট

ঢাকা বিশ্ববিদ্যালয়
নীলক্ষেত্র, ঢাকা-২

ভর্তির বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ, ১৯৮২-৮৩

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিম্নলিখিত প্রোগ্রামসমূহে ভর্তির জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে নিখরাত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। আবেদনপত্র গৃহগেহ শেষ-তারিখ ২৯শে জুলাই, ১৯৮২ ইং। অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচিত হইবে না। কুমারত প্রার্থীদেরকে নিজ নিজ কড়পত্রের মাধ্যমে আবেদন করিতে হইবে।

আবেদনকারীদেরকে

(ক) ডিপ্লোমা-ইন-এডুকেশন প্রোগ্রামে ভর্তির জন্য অন্ততঃ পক্ষে স্নাতক ডিগ্রিধারী হইতে হইবে। স্নাতক এবং স্নাতকোত্তর (যদি থাকে) পর্যন্ত পরীক্ষাসমূহের অন্ততঃ দুইটিতে অবশ্যই দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। যে সকল প্রার্থীর স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রির পর দীর্ঘদিনের শিক্ষকতার অভিজ্ঞতা আছে তাহাদের ক্ষেত্রে পরীক্ষার দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হওয়ার শর্ত শিথিল করা হইতে পারে।

(খ) এক বৎসর মেয়াদী এমএড প্রোগ্রামে ভর্তির জন্য দ্বিতীয় বিভাগে ডিপ-ইন-এড বা সমপরিষরের বিএড পরীক্ষার উত্তীর্ণ হইতে হইবে এবং এসএসসি হইতে ডিপ-ইন-এড/বিএড পর্যন্ত পরীক্ষাসমূহের মধ্যে অন্ততঃ দুইটিতে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে।

(গ) দুই বৎসর মেয়াদী এমএড প্রোগ্রামে ভর্তির জন্য অন্ততঃ- পক্ষে স্নাতক ডিগ্রিধারী হইতে হইবে। স্নাতক এবং স্নাতকোত্তর (যদি থাকে) পর্যন্ত পরীক্ষাসমূহের অন্ততঃ দুইটিতে অবশ্যই দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। শিক্ষকতার অভিজ্ঞতা থাকিলে ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হইবে।

ডিপ্লোমা-ইন-এডুকেশন প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য মাসিক ১৫০/- (একশত পঞ্চাশ টাকা), এক বৎসর মেয়াদী এমএড শিক্ষার্থীদের জন্য মাসিক ২০০/- (দুইশত টাকা) এবং দুই বৎসর মেয়াদী এমএড শিক্ষার্থীদের জন্য প্রথম বৎসরে মাসিক ১৫০ (একশত পঞ্চাশ টাকা) ও দ্বিতীয় বৎসরে মাসিক ২০০/- (দুই শত টাকা) হারে কিছু সংখ্যক বৃত্তির ব্যবস্থা আছে। ভিনটি কার্যক্রমের যে কোন একটিতে শিক্ষার্থী থাকাকালে কেহ একই সময়ে কোথাও ছাত্র পরীক্ষার্থী বা চাকরির রত (ছুটি বা ডেপুটেশন ছাড়া) হইতে পারিবে না। অধিকার হিসাবে কোন শিক্ষার্থী বৃত্তি দরী করিতে পারিবেন না।

ভর্তি পরীক্ষা :

(ক) ডিপ্লোমা-ইন-এডুকেশন প্রোগ্রামে ভর্তি প্রার্থীদের লিখিত ভর্তি পরীক্ষা আগামী ১০ই আগস্ট, ১৯৮২ ইং রোজ সন্ধ্যায় সকাল নয়টার আরম্ভ হইবে এবং একই দিন বিকাল তিনটা হইতে সন্ধ্যায় গৃহপ আরম্ভ হইবে। (খ) এক বৎসর মেয়াদী এমএড এবং (গ) দুই বৎসর মেয়াদী এমএড ভর্তি প্রার্থীদের লিখিত ভর্তি পরীক্ষা আগামী ১১ই আগস্ট, ১৯৮২ ইং রোজ বৃহস্পতি সকাল নয়টার আরম্ভ হইবে এবং একই দিন বিকাল তিনটার সন্ধ্যায় গৃহপ আরম্ভ হইবে। ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ৭ই আগস্ট, ১৯৮২ ইং বিকাল ৪ ঘটিকার ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে দেওয়া হইবে। ভর্তি পরীক্ষার উপস্থিত হওয়ার জন্য কোনপ্রকার ভাড়া বা পথ খরচ প্রদান করা হইবে না।

আবেদনপত্রের ফরম এবং প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলী ৫/- (পাঁচ) টাকার পোস্টাল অর্ডার/মিনিঅর্ডার রাসদে বিনিময়ে ইনস্টিটিউটের অফিস হইতে পাওয়া যাইবে। ডাকযোগে পাইতে হইলে ১/- (এক) টাকার মূল্যের ডাকটিকটের নিজ ঠিকানা লিখিত খাম পাঠাইতে হইবে। রমজানের দীর্ঘ উপলক্ষে ছুটির কারণে অফিস বন্ধ থাকিবে কিম্বা আগামী ১৪ই জুলাই হইতে ২৭শে জুলাই, ১৯৮২ তারিখের মধ্যে কোন ভর্তির ফরম বিলি করা হইবে না।

আবেদনকারীদেরকে আবেদনপত্রের সহিত পূর্ববর্তী উত্তীর্ণ পরীক্ষাসমূহের সার্টিফিকেট-এর সত্যায়িত অবিচ্ছিন্ন নকল জমা দিতে হইবে। সার্টিফিকেটের পরিবর্তে কোন প্রমাণপত্র বা মার্কশীট গৃহণ করা হইবে না। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় পূর্ববর্তী উত্তীর্ণ পরীক্ষাসমূহের মূল বা প্রিশনাল সার্টিফিকেটসমূহ অবশ্যই ভর্তি অফিসে জমা দিতে হইবে। নতুন ভর্তির জন্য অননুমতি প্রদান করা হইবে না। অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র জমা দেওয়া সম্পর্কে নির্দেশাবলী আবেদনপত্রে পাওয়া যাইবে। ভর্তির জন্য নির্বাচিত না হইলেও জমা দেওয়া নথিপত্র ফেরত দেওয়া হইবে না।